যুগান্তর

APR. 09 2002

তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ... ১ ...

# বই নিয়ে বোর্ড বিপাকে

শাহনেওয়াজ

গত ২০০১ শিক্ষা বর্ষের ১ কোটি ১৪ লাখ ৩৪ হাজার ৮৩০টি অব্যবহৃত প্রাথমিক স্তরের বই নিয়ে বিপাকে পড়েছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড। কারণ ২০০২

বই : পৃষ্ঠা ২ কলাম ৬

## বই : বিপাকে

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষাবর্ষের প্রাথমিক স্তরের অর্থাৎ প্রথম থেকে পঞ্চম শ্রেণীর মোট ৮টি বইয়ের পাঠ্যক্রমে কিছুটা সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন হওয়ায় বইগুলো আর এই শিক্ষাবর্ষে ব্যবহার করা যাচ্ছে না। ফলে প্রাথমিক স্তরের প্রচুর পরিমাণ বই ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে, যার মূল্য ১৩ কোটি ৮ লাখ ৫৫ হাজার ৮৬ টাকা।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, অযোগ্য এসব বই কি করা হবে, তা নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে পাঠ্যপুস্তক বোর্ড কয়েক দফা বৈঠক করেছে। বৈঠকে এসব বই রিসাইকেল করা অথবা কাগজ হিসাবে বিক্রি করার জন্য একটি প্রস্তাবও উত্থাপন হয়েছিল। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় শেষমেশ এককভাবে কোন সিদ্ধান্ত নিতে পারেনি। সিদ্ধান্তের জন্য প্রধানমন্ত্রীর কাছে পাঠানো হয়। জানা গেছে, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিষয়টি নিয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে আলোচনাও করেন। সিদ্ধান্তের জন্য তিনি বিষয়টি মন্ত্রিসভায় উপস্থাপনের নির্দেশ দিয়েছেন। বৃহস্পতিবার মন্ত্রিসভায় বৈঠকে বিষয়টি উপস্থাপন করা হচ্ছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।

এদিকে ২০০১ শিক্ষাবর্ষে প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক সারাদেশে বিতরণের পর জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের গুদামে এসব বই পড়ে আছে। এছাড়াও দেশের বিভিন্ন জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও উপজেলা শিক্ষা অফিসে বই গুদামজাত অবস্থায় পড়ে আছে।